শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২৩.১২২৪

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ।
২১ মে, ২০২৩ খ্রিস্টাব্দ।

## " দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ইনডোর উপকেন্দ্রে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে কাজ নাই মজুরী নাই শর্তে দৈনিক মজুরী ভিত্তিতে ''নিরাপত্তা প্রহরী'' পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | **নিরাপত্তা প্রহরী** (দৈনিক মজুরী ভিত্তিতে) ০৬টি (পুরুষদের জন্য সংরক্ষিত) | ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনূর্ধ্ব ৬৫ বছর। | ক) প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঘ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী দিনাজপুর জেলার ফুলবাড়ী, বিরামপুর, নবাবগঞ্জ, ঘোড়াঘাট, পার্বতীপুর ও হাকিমপুর উপজেলার যোগ্যতা সম্পন্ন পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (**www.pbs2.dinajpur.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ, অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, **দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর** এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, ভুল পূরণকৃত এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)**

(ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নহে);

(খ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

(ঙ) ১০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না;

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে দৈনিক (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে;

০৫। যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না;

০৬। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে;

০৭। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে ;

০৮। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে;

০৯। অনুমতি প্রদানের সময় নিরাপত্তা প্রহরী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

১০। অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা প্রহরীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১১। প্রার্থীকে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপত্তা কর্মী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

**১২। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহনযোগ্য হবেনা। যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী ভিত্তিতে" কাজ করার অনুমতি প্রদান করা হবে এবং তা বলবৎ থাকবে।**

১৩। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে;

১৪। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কাজের অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৬। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৭। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৮। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৯। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১।৫।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার।

__অনুলিপিঃ (সদয় অবগতির জন্য) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।__

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫। পুলিশ সুপার, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------ পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার................................, উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র...............................পৌরসভা, দিনাজপুর।
১০। ডিজিএম, কারিগরী/পার্বতীপুর/ঘোড়াঘাট/নবাবগঞ্জ জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
১১। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী/রাণীগঞ্জ সাব-জোনাল অফিস,দিনাজপুরপবিস-২।
১২। এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/প্রশাসন), দিনাজপুর পবিস-২।
১৩। এজিএম (আইটি), দিনাজপুর পবিস-২ (ফর্মসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। নোটিশ বোর্ড/অফিস/মাস্টার কপি ।

২১।৫।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার।

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) পদে" লোকবল নিয়োগ ও প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
জয়নগর, চন্ডীপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২৩.১৯৯৪ তারিখঃ- ২১/০৫/২০২৩ খ্রিঃ

২. আবেদনকৃত পদের নামঃ ...................................................... ৩. পদের ধরণঃ ......................................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

................................................................ ..........................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

.................................................................... ..........................................................
৬. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়) (ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

.......................................................... ........../........../................(দিন/মাস/বছর)
৭. জন্ম তারিখ (........ পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী) ৮. বয়স ( - - খ্রিঃ তারিখে)

................................................................ ..........................................................
৯. মাতার নাম ১০. পিতার নাম

................................................................ ..........................................................
১১. ধর্ম ১২. জাতীয়তা

১৩. নিজ জেলা
.................................................................... ..........................................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা : (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধী ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................................. .................................. .................................. ..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

**১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:**

.................................. .................................. .................................. ..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

E:\Ripa ALL 12.06.2021\D\02.008, 02.009\Neoge Pattro\আউট সোর্সিং লোকবল নিয়োগ\Biggapti 2023.doc

মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২
21.05.23

**১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):**

**২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):**

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

**২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

.......................................... ....................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

Ahatl 21.05.23
মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা**

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বরঃ.........................................................

পরীক্ষার তারিখঃ ............................................................

পরীক্ষার সময়ঃ ...............................................................

পরীক্ষার কেন্দ্রের নামঃ.......................................................

পরীক্ষার ঠিকানাঃ...............................................................

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

পদের নামঃ ......................................................................

প্রার্থীর নামঃ ....................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ

..........................................................................................

..........................................................................................

..........................................................................................

21.05.23
মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২